গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.১০০.১৯-৬৫৬ তারিখঃ ২৫ অগ্রহায়ণ ১৪২৬ / ১০ ডিসেম্বর ২০১৯

বিষয়ঃ রিট পিটিশন নং-১৯২৬/২০১৯ এর প্রেক্ষিতে সরকার পক্ষে প্রতিদ্বন্দ্বিতাকরণের লক্ষ্যে ওকালতনামা, লেটার অফ অথরাইজেশন ও আর্জির কপি প্রেরণ।

সূত্র: (১) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের স্মারক নং- ৫৭.০০.০০০০.০৪৬.০৪.১০০.১৯-৫১৪ তারিখ: ১৪.১০.১৯ খ্রি.।
(২) বিজ্ঞ কৌসলি শেখ শফিক মাহমুদ পুস্প কর্তৃক দাখিলকৃত আবেদন।

উপযুক্ত বিষয়ে সূত্রে (১) এ বর্ণিত স্মারকমূলের মাধ্যমে জানানো হয় যে, মো: মহিউদ্দিন ফারুক, গ্রাম-পারফরিদপুর, ডাক-বানওয়ারীনগর, থানা-ফরিদপুর, জেলা-পাবনাসহ অপর ৩৪ জন কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-১৯২৬/২০১৯ মামলা দায়ের করা হয়।

০২। উক্ত রিট মামলায় রিট পিটিশন নং-১৯২৬/২০১৯ মামলায় সরকার পক্ষে দ্রুত মামলার জবাব (Affidavit in opposition) দাখিলের আইনানুগ ব্যবস্থা গ্রহণক্রমে গৃহীত ব্যবস্থার তথ্যাদি ২০.১০.২০১৯ খ্রি: এর মধ্যে এ বিভাগকে অবহিতির (প্রমাণকসহ) জন্য মহোদয়কে বিনীত অনুরোধ করা হয়। সে সাথে Affidavit in opposition দাখিল করতে কি কি তথ্য প্রমাণক তা লিখিত আকারে জানানোর জন্যও অনুরোধ করা হয়।

০৩। তদপ্রেক্ষিতে সূত্র (২) মূলে জানানো হয় যে, মহামান্য হাইকোর্ট কর্তৃক গত ১৯.১১.১৯ তারিখে উক্ত রিট মামলাটি শুনানির পর ২৬ জন পিটিশনারের পদ খালি রাখার আদেশে প্রদান করা হয়। আদালতের উক্ত আদেশটি আপীলযোগ্য।

০৪। তাই উক্ত মামলা পরিচালনার জন্য ওকালতমানা, লেটার অব অথরাইজেশন ও আর্জির কপিসহ অন্যান্য প্রয়োজনীয় কাগজগত্র প্রেরণের জন্য অনুরোধ করা হয়েছে। সেসাথে ২৫ এনেক্স কোর্টের ১৯.১১.১৯ তারিখের প্রদত্ত আদেশের বিরুদ্ধে যদি আপীল বিভাগে মামলা পরিচালনার প্রয়োজন হয় সেক্ষেত্রে আলাদাভাবে আপীল বিভাগের ওকালতনামা, আপীল দায়েরের চিঠিসহ প্রয়োজনীয় কাগজপত্র প্রেরণের জন্যও মহোদয় কর্তৃক অনুরোধ করা হয়েছে।

০৫। এক্ষণে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

ক. রিট পিটিশন নং-১৯২৬/১৯ মামলায় গত ১৯.১১.১৯ তারিখে প্রদত্ত রায়/আদেশের বিরুদ্ধে আপীল দায়েরের বিষয়টি নিশ্চিতক্রমে সিভিল পিটিশন ফর লীভ টু আপীল (CPLA) নম্বর উল্লেখপূর্বক আপীল দায়ের সংক্রান্ত প্রমাণকসহ তথ্যাদি আগামী ১৫.১২.১৯ তারিখের মধ্যে টিএমইডিকে অবহিতিকরণ;

খ. **"অন্যান্য প্রয়োজনীয় কাগজগত্র"** বলতে কি বুঝানো হয়েছে তা সুনির্দিষ্টভাবে উল্লেখ করে পত্র দেয়ার জন্য অনুরোধ করা হলো। সেসাথে মহামান্য আদালতে জবাব দাখিলের পূর্বে সরকার পক্ষের জবাব টিএমইডি -এর অনুমোদন নেয়ার জন্যও মহোদয়কে অনুরোধ করা হলো।

সংযুক্ত: ১. রিট পিটিশন নং-১৯২৬/১৯ এর আর্জির কপি।
২. রিট মামলার ওকালতনামা-১ পাতা।
৩. আপীল মামলার ওকালতনামা-১ পাতা।
৪. অথরাইজেশন লেটার- ১ পাতা।

(এ.কে.এম শহীদুল্লাহ)
উপসচিব (অডিট ও আইন)
ফোন: ৯৫৭৪০৯০

এস.কে. সফিক মাহমুদ পুস্প
বিজ্ঞ কৌসুলি, শেখ শফিক মাহমুদ এন্ড এসোসিয়েটস্, চেম্বার নং-এ-৪ (৭ম তলা),
আজিজ কো-অপারেটিভ কমপ্লেক্স, ২০৪ শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণী, ৮৯ (পুরাতন), বিজয়নগর, ঢাকা-১০০০।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:
১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩। অতিরিক্ত সচিব (কারিগরি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ,শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
৪। অতিরিক্ত সচিব/উপসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
৫। অফিস কপি/মাস্টার কপি।